# প্রেস রিলিজ

## চতুর্থ বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো (ব্লিস-২০২৩)

## সংবাদ সম্মেলন

**তারিখ সোমবার, ৯ অক্টোবর ২০২৩, সময়: দুপুর ৩.০০ ঘটিকা।**

**স্থান: প্যান প্যাসিফিক সোনারগাঁও ঢাকা।**

---

**ব্লিস-২০২৩ উদ্বোধন করবেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি: বৃহস্পতিবার, ১২ই অক্টোবর ২০২৩, ভেন্যু- বিআইসিসি, ঢাকা।**

---

*ঢাকা সোমবার, ৯ অক্টোবর, ২০২৩:* মাননীয় **প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি** আগামী **বৃহস্পতিবার**, ১২ই অক্টোবর ২০২৩, বিকাল ৪ ঘটিকায় বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টার (বিআইসিসি), আগারগাঁও, শেরে-বাংলা-নগর এ **বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো (ব্লিস-২০২৩)**-এর ৪র্থ সংস্করণ শুভ উদ্বোধন করবেন এবং ৩ দিনব্যাপী প্রদর্শনীটি চলবে **১২-১৪ অক্টোবর ২০২৩,** ভেন্যু: ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি), ঢাকা, বাংলাদেশ। লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এবং বাণিজ্য মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পখাতের এই বৃহত্তম আন্তর্জাতিক প্রদর্শনীটির আয়োজন হচ্ছে।

ব্লিস-২০২৩ এর অন্যতম লক্ষ্য হলো বাংলাদেশকে বৈশ্বিক সাপ্লাই চেইনে চামড়াজাত পণ্য ও পাদুকা খাতের বিশ্বের অন্যতম সম্ভাবনাময় ও অঙ্গীকারবদ্ধ সোর্সিং হাব হিসেবে তুলে ধরা। এটি ক্রেতা, ব্র্যান্ড এবং সোর্সিং প্রতিনিধিদের সাথে বাংলাদেশের চামড়াজাত পণ্য, পাদুকা প্রস্তুতকারক, রপ্তানিকারক এবং সহযোগী শিল্পের মাঝে সেতুবন্ধন সৃষ্টি করে জাতীয় রপ্তানি সম্প্রসারণে অবদান রাখবে। ব্লিস-২০২৩ এর এবারের থিম্যাটিক ট্যাগলাইন হলো: "Possible.In Bangladesh"।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব টিপু মুনশি এমপি গত সোমবার, ৯ অক্টোবর, ২০২৩ তারিখে প্যান প্যাসিফিক সোনারগাঁও ঢাকা হোটেলে আয়োজিত এক প্রেস কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ ঘোষণা প্রদান করেন। উক্ত প্রেস কনফারেন্সের সভাপতিত্ব করেন জনাব সৈয়দ নাসিম মঞ্জুর, প্রেসিডেন্ট, এলএফএমইএবি ও ব্লিস-২০২৩ ওয়ার্কিং কমিটির আহ্বায়ক। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জনাব মোহাম্মাদ সায়ফুল ইসলাম, এলএফএমইএবি এর সম্মানিত উপদেষ্টা ও প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এমসিসিআই), এবং জনাব জেমস হো; পরিচালক, এলএফএমইএবি ও উদ্যোক্তা এবং প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, গোল্ডেন চ্যাঙ সুজ (বিডি) লিমিটেড বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত প্রেস কনফারেন্সে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (রপ্তানি), জনাব মোঃ আবদুর রহিম খান, বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা গণ ও এলএফএমইএবি-এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার অভীষ্ট লক্ষ্যে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশের দ্বিতীয় বৃহত্তম রপ্তানি আয়কারী চামড়া, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পখাত এ রূপকল্পটি বাস্তবে পরিণত করার অগ্রযাত্রার একটি অবিচ্ছেদ্য অংশ। "রপ্তানিমুখী প্রবৃদ্ধি সুসংহতকরণ এবং রপ্তানি বহুমুখীকরণের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় বিদেশী ক্রেতা-ব্র্যান্ডস ও বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে উদ্ভাবনী নীতি প্রনয়ন ও ব্যবসাবান্ধব নীতি সহায়তা দিয়ে যাচ্ছে।", তিনি যোগ করেন। তিনি আরো বলেন, বাণিজ্য মন্ত্রণালয় স্থানীয় পণ্যগুলির আন্তর্জাতিক ব্র্যান্ডিং ও বিপণনে সুনিদৃষ্ট প্রকল্প বাস্তবায়নসহ সময়োপযোগী নানা পদক্ষেপ নিয়েছে। এ প্রেক্ষিতে, আন্তর্জাতিক এ সোর্সিং প্রদর্শনীটি বৈশ্বিক বাজারে বাংলাদেশের চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পখাতের সুনিপন দক্ষতা এবং সম্ভাবনা প্রদর্শনের একটি চমৎকার সুযোগ হিসেবে আবির্ভূত হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে জনাব সৈয়দ নাসিম মঞ্জুর বলেন, করোনা মহামারী পরবর্তী সময়ে বিশ্ববাণিজ্য বড় পরিবর্তনের মধ্যে দিয়ে যাচ্ছে, যেখানে আন্তর্জাতিক ব্র্যান্ড এবং সোর্সিং প্রতিষ্ঠানসমূহ বিকল্প পরিকল্পনা ও নতুন সম্ভাবনাময় দেশগুলোর দিকে ধাবিত হচ্ছে। এমন পরিস্থিতিতে এ আন্তর্জাতিক সোর্সিং শো নতুন ক্রেতা ও ব্রান্ডসমূহ যারা চীন, ভিয়েতনামের বিকল্প হিসেবে বাংলাদেশ, ভারত এবং ইন্দোনেশিয়ার দিকে ধাবিত হচ্ছে তাদের আকৃষ্ট করবে। প্রদর্শনীর পাশাপাশি ৩টি ব্রেকআউট সেশনও অনুষ্ঠিত হবে, যেখানে ২০০ এর অধিক শিল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, নীতিনির্ধারক এবং দেশী-বিদেশী অতিথিবৃন্দসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেবেন বলে তিনি অবহিত করেন।

জনাব মোহাম্মদ সায়ফুল ইসলাম বলেন, চামড়াজাত পণ্য এবং পাদুকা সরবরাহের জন্য বাংলাদেশ দ্রুত একটি নির্ভরযোগ্য উৎস হিসেবে আবির্ভূত হচ্ছে। এ খাতে বাংলাদেশের সক্ষমতা ও সম্ভাবনাসমূহ প্রদর্শনের মাধ্যমে ব্লিস-২০২৩ নতুন ব্যবসার সুযোগ উন্মোচন করে বাণিজ্য


Harbour Gulshan Link, Ta-94/B (1st & 2nd Floor), Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel : +880-2-58810271-2, E-mail : info@Lfmeab.org, www.Lfmeab.org, T.O. License 17/2003

ও বিনিয়োগকে ত্বরান্বিত করবে যার ফলে টেকসই প্রবৃদ্ধি এবং মানসম্পন্ন কর্মসংস্থান নিশ্চিত হবে বলে তিনি দৃঢ় অভিমত ব্যক্ত করেন।

চীনা বিনিয়োগকারী ও গোল্ডেন চ্যাঙ সুজ (বিডি) লিমিটেডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব জেমস হো বলেন: “আমরা ইতোমধ্যে বাংলাদেশে ১৩০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি যেখানে চারটি কারখানা রয়েছে এবং পঞ্চমটি আসছে।" "আমাদের জুতা বাংলাদেশের জন্য সেরা রাষ্ট্রদূত, এটি বিশ্বকে দেখায় এখানে কী সম্ভব।”", তিনি যোগ করেন।

## একনজরে ব্লিস-২০২৩

**নাম:** চতুর্থ **বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো (ব্লিস-২০২৩)**

**লক্ষ্য:** ব্লিস-২০২৩ বাংলাদেশকে বৈশ্বিক সাপ্লাই চেইনে চামড়াজাত পণ্য ও পাদুকা খাতের বিশ্বের অন্যতম সম্ভাবনাময় ও অঙ্গীকারবদ্ধ সোর্সিং হাব তুলে ধরা হবে।

**থিম:** "Possible.In Bangladesh"

**ওয়েবসাইটঃ** www.blliss.show

**আয়োজক:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় এবং লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি)-এর যৌথ উদ্যোগ।

**ব্লিস-২০২৩ এর ৩টি স্তম্ভ**

১। রেসিলিয়েন্ট

২। রিল্যায়াবল

৩। রিসৌর্সফুল

**উদ্বোধনী অনুষ্ঠান**

**তারিখঃ বৃহস্পতিবার, ১২ অক্টোবর ২০২৩,** বাংলাদেশ সময় বিকাল **৪.০০ ঘটিকা।**

**উদ্বোধন স্থানঃ** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি), ঢাকা।

**উদ্বোধন করবেন:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি।**

**প্রদর্শনীর তারিখঃ ১২-১৪ অক্টোবর, ২০২৩।**

**প্রদর্শনীর স্থানঃ** ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি), ঢাকা।

**প্রদর্শনীর সময়:** প্রদর্শনীটি প্রতিদিন সকাল ১০:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা পর্যন্ত খোলা থাকবে এবং কোন প্রবেশ ফি নেই।

**পণ্য প্রদর্শন ও দর্শনার্থী**

বিজনেস টু বিজনেস (বিটুবি) ব্যবসার ধরন অনুযায়ী, বাংলাদেশ থেকে উৎপাদিত সর্বাধুনিক পাদুকা ও চামড়াজাত ফ্যাশন পণ্যের কালেকশন। যেমন: জেন্টস, লেডিস ও কিডস সুজ, চামড়ার তৈরি ব্যাগ, ম্যানিব্যাগ, সুটকেস, ট্র্যাভেল ব্যাগ, বেল্ট, গ্লোভস ছাড়াও আরও বৈচিত্র্যময় পণ্য সামগ্রী। অংশগ্রহণে, বিভিন্ন ব্র্যান্ডস, আন্তর্জাতিক ক্রেতাবৃন্দ, ডিজাইনারবৃন্দ, ফ্যাশন এক্সপার্টস, ব্যবসায়ী নেতৃবৃন্দ, সোর্সিং এজেন্ট, রিটেইল চেইন, পরিবেশক, সম্ভাব্য বিদেশী এবং স্থানীয় বিনিয়োগকারীবৃন্দ।

**টার্গেট গ্রুপ**


Harbour Gulshan Link, Ta-94/B (1st & 2nd Floor), Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel : +880-2-58810271-2, E-mail : info@Lfmeab.org, www.Lfmeab.org, T.O. License 17/2003

স্থানীয় ও আন্তর্জাতিক ব্র্যান্ড প্রতিনিধিবৃন্দ, আন্তর্জাতিক ক্রেতা, পরিবেশক, ডিজাইনার, ফ্যাশন বিশেষজ্ঞ, শিল্প উদ্যোক্তা, আনুষঙ্গিক পরিষেবা সরবরাহকারী, সম্ভাব্য বৈদেশিক ও স্থানীয় বিনিয়োগকারীবৃন্দ ইত্যাদি। এছাড়াও সরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত থাকবেন।

**আগত প্রদর্শক ও দর্শনার্থী**

প্রদর্শিনীতে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারত, জাপান, ডেনমার্ক, নেদারল্যান্ডস, হংকং, কম্বোডিয়া, চীন, ইতালি, পোল্যান্ড ও অন্যান্য দেশসহ মোট ১৫ টিরও অধিক দেশ থেকে ২০০ এরও বেশি প্রদর্শক এবং দেশীয় ও বিদেশী অগণিত দর্শনার্থীর আগমন প্রত্যাশা করা হচ্ছে।

**প্রদর্শকদের ধরন**

বাংলাদেশ থেকে উৎপাদিত রপ্তানিমুখী সর্বাধুনিক পাদুকা, চামড়াজাত ও একসেসরিজ পণ্যসমূহ পণ্যসমূহ প্রদর্শন করা।

**৬ টি প্যাভেলিয়নস ও ৪০টি স্ট্যান্ডস**।

**পণ্য প্রদর্শন করবেন:** বাংলাদেশের স্বনামধন্য স্থানীয় ও বৈদেশিক পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহ।

**ওয়ান-স্টপ সোর্সিং সুবিধা:** এটি একটি নতুন ধরনের সোর্সিং সলিউশন, যেখানে থাকবে বিজনেস টু বিজনেস (বিটুবি), বিনিয়োগ প্লাটফর্ম, ব্রেকআউট সেশন, ও নেটওয়ার্কিং ইভেন্টস।

**ব্লিস-২০২৩এর ব্রেকআউট সেশনস**

**স্থান: ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) এ ৩ নং হলের সেমিনার প্রাঙ্গন।**

পাদুকা ও চামড়াজাত পণ্যের আন্তর্জাতিক বাজার ও সামগ্রিক আন্তর্জাতিক রপ্তানি বাজার সম্পর্কিত সর্বাধিক বিস্তৃত বিষয়ে আলোচনা ও সেমিনার। যথাক্রমে-

**ব্রেকআউট সেশন-১:** Leather: The Truly Sustainable Material (লেদার:দ্যা ট্রুলি সাস্টেইনেবল ম্যাটারিয়াল) – **শুক্রবার, ১৩ অক্টোবর ২০২৩, সকাল ১১.০০ ঘটিকা**।

**ব্রেকআউট সেশন-২:** লিঙ্কিং বাংলাদেশ টু গ্লোবাল ভ্যালু চেইন (Linking Bangladesh to the Global Value Chain) – **শুক্রবার, ১৩ অক্টোবর ২০২৩, বিকাল ৩.০০ ঘটিকা**।

**ব্রেকআউট সেশন-৩:** মার্কেট এক্সেস এন্ড নিউ ফ্রন্টিয়ার্স ফর এক্সপোর্ট (Market Access & New Frontiers for Export) – **শনিবার, ১৪ অক্টোবর ২০২৩, সকাল ১১.০০ ঘটিকা**।

###



Harbour Gulshan Link, Ta-94/B (1st & 2nd Floor), Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel : +880-2-58810271-2, E-mail : info@Lfmeab.org, www.Lfmeab.org, T.O. License 17/2003